

## তাল--একতাল

ও দয়াল গুরুচাঁদ রে, ও দয়াল হরিচাঁদ রে !

আমার দুঃখ বোঝবার দরদী নাইরে ॥

১। আমি ভবে মহাপাপী, পাপ ক'রেছি,

নাই তার অবধি রে—

ও দয়াল তুমি আমায় ধরে নিয়ে রক্ষা কর বারে বারে ।

দয়াল তুমি আমার মাতা-পিতা, তুমি প্রাণের বন্ধু রে,

আমি আর বলব কারে,

ও দয়াল তুমি ত তোমার কৃপা অসি দিয়ে

আমায় মুক্ত করে রেখ রে ॥

২। আমি পতে পতে ঘুরে বেড়াই,

তুষের আগুন বুকে ল'য়ে রে—

ও দয়াল দেখা না দিয়ে মনের আগুন বুকের ব্যথা,

কে নিভায় রে ।

আমি তোমার সাধন ভজন নাহি জানি,

ভক্তি নাই মোর এক রতি রে—

তুমি নিজ গুণে টেনে নিয়ে

ও দয়াল তোমার চরণতলে রেখ রে—

৩। আমি ভবে নরাধম তোমার চরণ পেতে অক্ষম রে—

তুমি দয়া করে তোমার চরণ আমার মাথায় দাও রে,

তবে হৃদয়ে শান্তি পাব মহানন্দের ভয়

আর নাহি রবে রে,